



লেজুড়বৃত্তি নয়, গণমাধ্যমের স্বাধীন দায়িত্বশীল ভূমিকায় জোর ফখরুলের



সংগৃহীত ছবি

সাংবাদমাধ্যমকে কোনো রাজনৈতিক দলের অনুসারী না হয়ে জনগণের অধিকার রক্ষার শক্তিশালী হাতিয়ার হিসেবে কাজ করার আহ্বান জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। শুক্রবার (২৮ নভেম্বর) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের দ্বিবার্ষিক কাউন্সিলে তিনি এই আহ্বান জানান।

ফখরুল বলেন, গণতন্ত্রে ফিরে যাওয়ার জন্য পুরো জাতি এখন নির্বাচনের অপেক্ষায়। সাম্প্রতিক মব ভায়োলেন্সসহ নানা ঘটনার কারণে গণতান্ত্রিক অগ্রযাত্রা ব্যাহত হচ্ছে বলেও মন্তব্য করেন তিনি।

তিনি আরও বলেন, সামাজিক যোগাযোগমাধ্যম আজ বিশ্বব্যাপী এক নতুন সংকট তৈরি করেছে। সেখানে কোনো দায়বদ্ধতা নেই; ব্যক্তিগত মতামতের নাম করে অনেকেই নৈরাজ্য তৈরির চেষ্টা করছে, যা গণমাধ্যমের স্বচ্ছতা ও পেশাদারিত্বকে ক্ষতিগ্রস্ত করছে।

অনুষ্ঠানে জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেন, অনেক সাংবাদিক পেশাগত নীতির প্রতি স্থির থাকতে পারছেন না। মালিকপক্ষের স্বার্থরক্ষা, দুর্নীতি ও লুটপাটের পাহারাদার হিসেবে কিছু গণমাধ্যম ব্যবহৃত হচ্ছে বলেও অভিযোগ করেন তিনি।

তিনি আরও বলেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে আদর্শগত পার্থক্য থাকলেও দুর্নীতিমুক্ত বাংলাদেশ ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার মতো সাধারণ ইস্যুতে ঐকমত্য হওয়া জরুরি। এই বিষয়গুলোতে সব পক্ষই একমত—এ কথাও উল্লেখ করেন পরওয়ার।